



যুদ্ধবিরতির মধ্যেও গাজায় ইসরায়েলি হামলায় কিশোরী নিহত



ছবি: সংগৃহীত

মধ্য গাজা উপত্যকায় ইসরায়েলি বাহিনীর গুলিতে মিস্ক হাজেম আল-দালু নামে এক ফিলিস্তিনি কিশোরী নিহত হয়েছে। রোববার (১৮ অক্টোবর) ফিলিস্তিনি সরকারি সংবাদ সংস্থা ওয়াফা এ তথ্য জানিয়েছে।

চিকিৎসা বিভাগের তথ্য অনুযায়ী, মাগাজি শরণার্থী শিবিরে বাস্তুচ্যুতদের তাঁবু লক্ষ্য করে ইসরায়েলি সেনারা গুলি চালালে আহত হয় কিশোরীটি। পরে তার মৃত্যু হয়।

এ ছাড়া দক্ষিণ গাজার রাফাহর আল-মাওয়াসি এলাকায় বাস্তুচ্যুত ফিলিস্তিনিদের তাঁবু লক্ষ্য করে ইসরায়েলি সামরিক যান থেকে ব্যাপক গোলাবর্ষণ করা হয়। খান ইউনিসের উত্তর-পূর্বদিকেও হামলার খবর পাওয়া গেছে।

২০২৫ সালের ১০ অক্টোবর থেকে কার্যকর যুদ্ধবিরতির মধ্যেও এসব হামলা চলছে। গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়ের হিসাবে, যুদ্ধবিরতি কার্যকরের পর ইসরায়েলি হামলায় অন্তত ১ হাজার ৫১১ ফিলিস্তিনি নিহত এবং ৫ হাজার ৩৭৫ জন আহত হয়েছেন।

মন্ত্রণালয়ের শনিবারের তথ্য অনুযায়ী, ২০২৩ সালের অক্টোবর থেকে গাজায় ইসরায়েলের যুদ্ধে মোট নিহতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৭৪ হাজার ৪৬৯। আহত হয়েছেন ১ লাখ ৭৫ হাজার ৪৯২ জন।